দৈনিক
ইত্তেফাক

তারিখ 04 SEP 2016
পৃষ্ঠা ৭ কলাম ১

# বিশ্বনাথে ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদ শূন্য

■ বিশ্বনাথ (সিলেট) সংবাদদাতা

সিলেটের বিশ্বনাথ উপজেলায় ৩৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে উপজেলার প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা পরিচালনায় ব্যাঘাত ঘটছে। এছাড়া জনসংখ্যার তুলনায় উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা অনেক কম। যেগুলো আছে সেগুলোও নানা সমস্যায় জর্জরিত। বিদ্যালয়গুলোতে যেমন রয়েছে অবকাঠামোগত সমস্যা, তেমনি রয়েছে বেঞ্চসহ আসবাবপত্রের সমস্যা।

শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলায় সরকারি ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে সরকারি ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। ফলে ভারপ্রাপ্ত শিক্ষক দিয়ে চলছে বিদ্যালয়ের সকল কার্যক্রম। জানা গেছে, উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে নিয়োগ পাওয়ার কিছু দিন পর তারা আবার নিজ নিজ সুবিধামতো এলাকায় বদলি হয়ে চলে যান। এতে উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক সংকট লেগেই থাকে। এমতাবস্থায় ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন থেকে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে।

প্রধান শিক্ষক শূন্য বিদ্যালয়গুলো হল উপজেলার কাইয়া-কাইড় ধীতপুর মক্রম আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদলপুর তাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীধরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দোহাল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কান্দি গ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলচন্ডি সরকারি প্রাথমিক বিদ্যালয়, শাখারীকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, দশপাইকা আনারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্বপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, সিংরাওলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোয়াহরি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফতেহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, জগতপুর নিয়ামতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দশঘর নোয়াগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়, বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, আমতৈল সরকারি প্রাথমিক বিদ্যালয়, বরুনী সরকারি প্রাথমিক বিদ্যালয়, দশপাইকা সরকারি প্রাথমিক বিদ্যালয়, সাতপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোমরাগুল সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিয়াজানেরগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাজিতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দ্বীপবন্দ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মঙ্গলগিরি সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাগির আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, অলিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, নোয়াগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়, চৈতননগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পঞ্চগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়, নরসিংহপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাজী মো আরশদ আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, শাহজাহান পল্লী পরিষদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মটুককোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, সোনাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাজী মো.আবদুল মতলিব চৌধুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব শ্বাসরাম সরকারি প্রাথমিক বিদ্যালয় ও হেকুরাগাঁও পাঠানচক সরকারি প্রাথমিক বিদ্যালয়।

উপজেলা শিক্ষা কর্মকর্তা চিন্তাহরণ দাস বলেন, পদোন্নতি সমস্যা থাকায় ৩৮টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগ দেয়া সম্ভব হচ্ছে না। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেছি।